ইসলামিক ফাউন্ডেশন
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



নতুন কুঁড়ি জাতীয় হিফযুল কুরআন প্রতিযোগিতা ২০২৭

বর্তমান বিএনপি সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে ইসলামিক ফাউন্ডেশন দেশব্যাপী আয়োজন করতে যাচ্ছে নতুন কুঁড়ি জাতীয় হিফযুল কুরআন প্রতিযোগিতা। এ প্রতিযোগিতায় উপজেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ জেলা পর্যায়ে, জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ বিভাগীয় পর্যায়ে ও বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিম্নরূপ শর্তে বাংলাদেশী হাফেজদের (ছাত্র) নিকট থেকে দরখাস্ত আহ্বান জানানো যাচ্ছে:

প্রতিযোগিতার গ্রুপ

ক্রম	গ্রুপ	বয়স	প্রতিযোগিতার বিষয়
১	ক	অনূর্ধ্ব ১২ বছর (ছাত্র)	তাজবীদসহ ১০ পারা হিফয
২	খ	অনূর্ধ্ব ১৫ বছর (ছাত্র)	তাজবীদসহ ২০ পারা হিফয
৩	গ	অনূর্ধ্ব ১৮ বছর (ছাত্র)	তাজবীদসহ পূর্ণ ৩০ পারা হিফয

প্রতিযোগিতার বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

ক্রম	প্রতিযোগিতার স্থান	প্রতিযোগিতার সময়
১	রেজিস্ট্রেশন (ইসলামিক ফাউন্ডেশনের সকল জেলা ও উপজেলা কার্যালয়)	১-৩০ নভেম্বর ২০২৬
২	৫০০টি উপজেলা ও ৮টি মহানগরীর ১৫টি জোন অফিস	১-৩১ ডিসেম্বর ২০২৬
৩	ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ জেলা কার্যালয়	১-৩১ জানুয়ারি ২০২৭
৪	ইসলামিক ফাউন্ডেশনের ৮টি বিভাগীয় কার্যালয়	১৫-৩১ মার্চ ২০২৭
৫	জাতীয়ভাবে চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা	১-২৮ এপ্রিল ২০২৭

জাতীয় পর্যায়ে ১৩ লক্ষ ৫০ হাজার টাকার পুরস্কার

ক্রম	পুরস্কারের ক্রম	পুরস্কারের সংখ্যা	পুরস্কারের মূল্যমান
১	১ম পুরস্কার	৩টি	২ লক্ষ টাকা, ক্রেস্ট ও সনদপত্র
২	২য় পুরস্কার	৩টি	১.৫ লক্ষ টাকা, ক্রেস্ট ও সনদপত্র
৩	৩য় পুরস্কার	৩টি	১ লক্ষ টাকা, ক্রেস্ট ও সনদপত্র

প্রতিযোগিতার নিয়মাবলী

১। একই শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রতিটি গ্রুপে অনধিক ৫ জন প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে।
২। প্রতিযোগিতায় নাম নিবন্ধনের জন্য ইসলামিক ফাউন্ডেশনের উপজেলা ও জেলা কার্যালয়ে যোগাযোগ করতে হবে।
৩। প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু প্রতিযোগীদের ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, জন্মনিবন্ধন সনদ/ জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ সাদা কাগজে দরখাস্ত ইসলামিক ফাউন্ডেশনের সংশ্লিষ্ট জেলা/উপজেলা কার্যালয়ে জমা দিতে হবে।
৪। আবেদনপত্রে প্রতিযোগীদের নাম, পিতার নাম, মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও মোবাইল ফোন নম্বর স্পষ্ট ও নির্ভুলভাবে লিখতে হবে।
৫। জাতীয় পর্যায় ব্যতীত উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো যাতায়াত ভাতা প্রদান করা হবে না।
৬। নির্বাচনী পরীক্ষায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৭.১১.২৬

মোঃ মহিউদ্দিন
পরিচালক
সমন্বয় বিভাগ
ফোন: ০২২২২২১৮২৮১

GD-161280 (8"x3)